

Amit Kundu
30/07/19



ST. LAWRENCE HIGH SCHOOL



2nd Term Examination (Model Answer)

Sub: BENGALI GRAMMAR & COMP. Class: 5A, 5C F. M. 90

Duration: 2 HOURS 30 MINUTES Date: 29.07.2019

বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : (বাক্যটি লিখবে) (১x৫=৫)

- (১) বাংলা বর্ণমালায় ব্যঙ্গনবর্ণ কয়টি ?
(খ) ৩৫টি
- (২) গঠনগত দিক দিয়ে স্বরবর্ণগুলিকে কয়ভাবে ভাগ করা যায় ?
(ক) দুই
- (৩) বিভক্তিযুক্ত শব্দকে বলা হয় —
(ঘ) পদ
- (৪) মায়ের কাছ থেকে শেখা ভাষাকে বলা হয় —
(খ) মাতৃভাষা
- (৫) নামপদকে কয় ভাগে ভাগ করা যায় ?
(গ) চার

২। নিচের বিশেষ্যপদগুলিকে বিশেষণ পদে পরিবর্তন করো :- (৫x১=৫)

- (১) সময় — সাময়িক
- (২) দেহ — দৈহিক
- (৩) ধর্ম — ধার্মিক
- (৫) লোক — লৌকিক

৩। বামদিকের সঙ্গে ডানদিকের বিপরীত শব্দ মিলিয়ে লেখো :- (১x৫=৫)

<u>বামদিক</u>	<u>ডানদিক</u>
১. আশা	৫. নিরাশা
২. উত্তম	৩. অধম
৩. বুদ্ধিমান	৪. নির্বোধ
৪. অবনত	১. উন্নত
৫. গরল	২. অমৃত

- ৪। প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও :- (৫x১=৫)
- (১) বিশেষ পদের কোন পুরুষ হয়?
— প্রথম পুরুষ
 - (২) ‘অ’ বিভক্তিকে কোন বিভক্তি নামে বলা হয়?
— শৃঙ্গ বিভক্তি
 - (৩) বাক্যের কয়টি অংশ ও কি কি?
— দুটি। (১) উদ্দেশ্য ও (২) বিধেয়
 - (৪) যে বাক্যের দ্বারা বক্তার ঘনের ভাবের আবেগ, বিস্ময় প্রকাশ পায় তাকে কোন বাক্য বলে?
— বিস্ময়সূচক বা আবেগসূচক।
 - (৫) ‘এটা’, ‘ওটা’, ‘ইনি’ সর্বনাম দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করলে সেটি কোন সর্বনাম পদ?
— নির্দেশক সর্বনাম পদ
- ৫। সত্য বা মিথ্যা তা লেখো :- (৫x১=৫)
- (১) গ্রহ + আগার = গ্রহাগার (সত্য)
 - (২) তিনি অত্যন্ত ভালো মানুষ ছিলেন। ‘তিনি’ একটি বিশেষ্যপদ। (মিথ্যা)
 - (৩) বর্ণ হল ধ্বনির সাক্ষেতিক লিখিত রূপ। (সত্য)
 - (৪) বিভক্তি হল দুই রকমের। (সত্য)
 - (৫) রামায়ণ একটি পবিত্র গ্রন্থ। ‘রামায়ণ’ হল সর্বনামপদ। (মিথ্যা)
- বিভাগ - খ
- ৬। প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও :- (৫x২=১০)
- (১) সংক্ষি বিচ্ছেদ করো :-
মাত্রাধিক্য — মাত্রা + আধিক্য
রবীন্দ্র — রবি + ইন্দ্ৰ
 - (২) অধোয় বর্ণ কাকে বলে ? উদাহরণ দাও।
— প্রতি বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ, ষ, স — এদের উচ্চারণ মৃদু ও গান্তীয়হীন। তাই এদের অধোয়বর্ণ বলে।
 - (৩) নন্দ্যার্থক বাক্য কাকে বলে ? উদাহরণ দাও।
— যেসব বাক্য দ্বারা ‘নেই’ বা ‘না’ বোঝায়। যেমন — আমি ভাত খাব না।
 - (৪) উত্তম পুরুষ কাকে বলে ? উদাহরণ দাও।
— ক্রিয়ায় যে বক্তা, অর্থাৎ যে নিজের সম্বন্ধে বলে, সে উত্তম পুরুষ। যেমন — আমি, আমরা, আমাদের।

- (৫) নিত্য সমন্বয়ীয় সর্বনাম কাকে বলে ? উদাহরণ দাও।
— যে সর্বনামগুলি পরম্পর নির্ভরশীল অবস্থায় ব্যবহৃত হয়ে দুটি বাকের মধ্যে
সঙ্গতি বিধান করে। যেমন — যিনি কাল আমাদের বাড়ি এসেছেন তিনি আমাদের
মামা হন।

- ৭। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :- (৩x৫=১৫)
- (১) পদ কাকে বলে ? পদ কয় প্রকার ও কি কি ?
— বিভক্তিযুক্ত শব্দকে পদ বলে। পদ দুই প্রকার — নামপদ ও ক্রিয়াপদ।
- (২) যৌগিক স্বর কাকে বলে ? যৌগিক স্বর কয়টি ?
— যে স্বরধ্বনিকে ভাঙ্গা যায় অর্থাৎ যাদের উচ্চারণে একাধিক স্বরধ্বনির যোগ আছে
তাদের যৌগিক স্বর বলে। যৌগিক স্বর দুটি — ঐ, ঔ
- (৩) ব্যতিহারিক সর্বনাম কাকে বলে ? উদাহরণ দাও।
— এই সর্বনাম পদে দুই বা ততোধিক ব্যক্তি বা বস্ত্র মধ্যে সংযোগ বোঝায়।
যেমন — যে, যা, যারা, যে যে, যা যা ইত্যাদি।
- (৪) জাতিবাচক বিশেষ্য কাকে বলে ? উদাহরণ দাও।
— যে বিশেষ্যপদ দ্বারা একটিমাত্র প্রাণী বা বস্ত্রকে না বুঝিয়ে ঐ জাতীয় সমস্ত প্রাণী বা
বস্ত্রকে বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন — মানুষ, সিংহ, বাঘ, গরু
ইত্যাদি।
- (৫) বাক্য কাকে বলে ? বাক্য কয় প্রকার ও কি কি ?
— যে পদ বা পদগুলি দ্বারা বক্তার মনের ভাব পুরোপুরি ব্যক্ত হয়, সেই পদ বা
পদগুলিকে বাক্য বলে। যেমন — আমরা মাঠে খেলি। বাক্য সাত প্রকার। যথা —
প্রশ়াবোধক, বিস্ময়সূচক, নির্দেশক, অনুজ্ঞাবাচক, না-বোধক, হ্যাঁ-বোধক, সন্দেহবাচক।
- (৬) শব্দ কাকে বলে ? শব্দ ও পদের পার্থক্য লেখো।
● মনের ভাবকে বোঝাতে যে অর্থবোধক ধ্বনি বা ধ্বনিসমষ্টির উচ্চারণ করা হয়।
● শব্দ হল কতগুলো অর্থবোধক ধ্বনি বা ধ্বনি সমষ্টি। পদ হল বিভক্তিযুক্ত শব্দ
বা ধ্বনি।
- (৭) বর্গীয় বর্ণ কাকে বলে ? উদাহরণ দাও।
— ‘ক’ থেকে ‘ম’ পর্যন্ত পাঁচটি বর্ণকে বর্গীয় বর্ণ বলে। যেমন — ক, খ, গ, ঘ, ঙ।

বিভাগ - গ

- ৮। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :- (৫x২=১০)
- (ক) পুরুষ কাকে বলে ? প্রতিটি পুরুষের একটি করে দৃষ্টান্ত দাও।
— ‘ভাষা বিচ্ছিন্ন’ প্রশ্নের পৃষ্ঠা সংখ্যা (৫২-৫৩ দ্রষ্টব্য)।

- (খ) বিশেষ্যপদ কাকে বলে ? উদাহরণ দাও।
— ‘ভাষা বিচিত্রা’ প্রস্ত্রের পৃষ্ঠা সংখ্যা (৩৩-৩৪ দ্রষ্টব্য)।
- (গ) সর্বনাম পদ কাকে বলে ? সর্বনাম পদ কয় প্রকার ও কি কি ?
— ‘ভাষা বিচিত্রা’ প্রস্ত্রের পৃষ্ঠা সংখ্যা (৩৬-৩৭ দ্রষ্টব্য)।

৯। যে কোনো একটি বিষয়ে চিঠি লেখো :- (১x১৫=১৫)

- চিঠির বিষয় ঠিক রেখে চিঠির (ব্যক্তিগত) বয়ান ও গঠন অনুযায়ী লিখবে।

১০। যে কোনো একটি বিষয়ে রচনা লেখো (কমরেশি ২০০-২৫০ শব্দে) :- (১x১৫=১৫)

- ভূমিকা ও উপসংহার লিখবে।
- রচনার বিষয় অনুযায়ী অনুচ্ছেদ ভাগ করে লিখবে।
